



## বাক্বি ছাত্রদল সভাপতিকে অপহরণের ১ ঘণ্টা পর উদ্ধার

ময়মনসিংহ (উত্তর/দক্ষিণ) সংবাদদাতা : শনিবার দুপুরে শহরের জেলা পরিষদের সামনে থেকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শাখার ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি শফিকুল ইসলাম শফিককে প্রতিদ্বন্দী গ্রুপের ক্যাডাররা অস্ত্রের মুখে অপহরণ করে। পরে পুলিশের জোর তৎপরতা ও বিএনপির নেতাদের চাপে শফিককে ক্যাডাররা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হলের দোতলার একটি কক্ষ থেকে প্রক্টরের নিকট হস্তান্তর করে। শফিক এখন পুলিশী হেফাজতে রয়েছে। অপহরণের সময় ব্যবহৃত প্রাইভেট কারটি পুলিশ আটক করেছে। উদ্ধারের পর শফিক উপস্থিত সাংবাদিকদের জানান, প্রতিদ্বন্দী খালেদ গ্রুপের সন্ত্রাসীরা হত্যার জন্য তাকে অপহরণ করেছিল। সন্ত্রাসীরা তার কাছ থেকে নগদ ১৭ হাজার টাকা ও একটি মোবাইল নিয়ে গেছে।